গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
রমনা, ঢাকা।
www.publiclibrary.gov.bd

স্মারক নং: ৪৩.২৬.০০০০.০০০.০০১.১১.০০০২.২৫- ৭৩৪

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ / ২৭ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণগ্রন্থাগার অধিদপ্তরের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dpl.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না :

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>বেতনস্কেল : ১১০০০-২৬৫৯০/- | ০৯<br>(নয়)টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে স্নাতক ডিগ্রি।<br>খ) বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>গ) ২(দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটরদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।<br>ঘ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ। |
| ২. | টেকনিক্যাল সহকারী (ক্যাটালগার)<br>(গ্রেড-১৩)<br>বেতনস্কেল : ১১০০০-২৬৫৯০/- | ০১<br>(এক)টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অন্যুন স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা।<br>(গ) কোন সরকারি বা আধা-সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ২(দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা। |
| ৩. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>বেতনস্কেল : ১১০০০-২৬৫৯০/- | ০১<br>(এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দের গতিসম্পন্ন হতে হবে।<br>(গ) টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসম্পন্ন হতে হবে।<br>(ঘ) কম্পিউটার অপারেটিং এ অ্যাপটিটিউড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৪. | পাঠকক্ষ সহকারী<br>(গ্রেড-১৪)<br>বেতনস্কেল : ১০২০০-২৪৬৮০/- | ০২<br>(দুই)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাস।<br>(খ) কোন সরকারি বা আধা সরকারি প্রতিষ্ঠানে এ কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৫. | রেফারেন্স এ্যাসিসটেন্ট<br>(গ্রেড-১৪)<br>বেতনস্কেল : ১০২০০-২৪৬৮০/- | ০৩<br>(তিন)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাস।<br>(খ) কোন সরকারি বা আধা সরকারি প্রতিষ্ঠানে এ কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৬. | হিসাব রক্ষক<br>(গ্রেড-১৫)<br>বেতনস্কেল : ৯৭০০-২৩৪৯০/- | ০৬<br>(ছয়)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অন্যূন বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে হিসাবরক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৭. | লাইব্রেরি এ্যাসিসটেন্ট<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল : ৯৩০০-২২৪৯০/- | ২৩<br>(তেইশ)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স সম্পন্ন। |
| ৮. | লাইব্রেরি সহকারী<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল : ৯৩০০-২২৪৯০/- | ০৩<br>(তিন)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স সম্পন্ন। |

| | | | |
|---|---|---|---|
| ৯. | ডাটা এন্ট্রি অপারেটর<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল : ৯৩০০-২২৪৯০/- | ২৩<br>(তেইশ)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি/সার্টিফিকেট সম্পন্ন;<br>(গ) কম্পিউটার অপারেটিং এ অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ। |
| ১০. | একাউন্টস এ্যাসিসট্যান্ট<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল : ৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১১. | ক্যাশিয়ার<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল : ৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১২. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল : ৯৩০০-২২৪৯০/- | ০৪<br>(চার)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।<br>(গ) কম্পিউটার অপারেটিং এ অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে। |
| ১৩. | ড্রাইভার<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল : ৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) 'সড়ক পরিবহন আইন, ২০১৮' (সরকারি Motor Vehical Ordinance, 1983) এর বিধান অনুসারে ভারী ও হাল্কা মটর যান চালনায় লাইসেন্স প্রাপ্ত।<br>(গ) গাড়ি চালনায় ১ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৪. | ডেসপাচ রাইডার<br>(গ্রেড-১৮)<br>বেতনস্কেল : ৮৮০০-২১৩১০/- | ০১<br>(এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন এস এস সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) 'সড়ক পরিবহন আইন, ২০১৮' (সরকারি Motor Vehical Ordinance, 1983) এর বিধান অনুসারে লাইসেন্স প্রাপ্ত।<br>(গ) মোটর সাইকেল চালনায় অন্যূন ১ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৫. | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>বেতনস্কেল : ৮২৫০-২০০১০/- | ০৬<br>(ছয়)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬. | অফিস সহায়ক কাম-নিরাপত্তা প্রহরী<br>(গ্রেড-২০)<br>বেতনস্কেল : ৮২৫০-২০০১০/- | ০৮<br>(আট)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**২. আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

(ক) সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ০১/০৭/২০২৫ ইং তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(গ) চাকুরির আবেদন ফরমে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

(ঘ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(ঙ) লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(চ) মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Formসহ সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে।

(ছ) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩. **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **http://dpl.teletalk.com.bd** ওয়েবসাইটের মাধ্যমে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমা দেয়ার শুরুর তারিখ ও সময়: **০৪.০৮.২০২৫ তারিখ সকাল ১০:০০ টা।**

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **০২.০৯.২০২৫ তারিখ বিকাল ৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় ০১(এক) কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ টি SMS করে ১-১৩ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ১৪-১৬ নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।'

**প্রথম SMS: DPL<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।**

**Example: DPL ABCDEF Send করতে হবে 16222 নম্বরে।**

**Reply: Applicant's Name, Tk. 112/56 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx. To pay fee type DPL<Space>YES<Space>PIN and send to 16222.**

**দ্বিতীয় SMS: DPL<Space>YES<Space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।**

**Example: DPL YES xxxxxxxx**

**Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DPL Application for xxxxxxxxxxxxxx, User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).**

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dpl.teletalk.com.bd** অথবা গণগ্রন্থাগার অধিদপ্তরের website: **www.publiclibrary.gov.bd** এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: DPL<Space>Help<Space>User<Space>User ID and Send to **16222**.

Example: **DPL HELP USER ABCDEF**

ii. PIN Number জানা থাকলে: DPL<Space>Help<Space>PIN<Space> PIN No. and Send to **16222**.

Example: **DPL HELP PIN 12345678**

(ঝ) পত্রিকা ছাড়াও গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা এর ওয়েবসাইট **www.publiclibrary.gov.bd** এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। এছাড়া QR code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে ফোন করে তথ্য জানা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject এ Organization Name: DPL, Post Name: *** Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৪. <u>প্রার্থীর যোগ্যতা যাচাই:</u>

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা নবম গ্রেড বা তদূর্ধ্ব গেজেটেড কর্মকর্তা (প্রাক্তন প্রথম শ্রেণি) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

৫. উপরে উল্লেখ করা হয়নি এমন যেকোন বিষয়ে গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

**** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।**

গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

২৭/০৭/২০২৫
(এ. এইচ. এম কামরুজ্জামান)
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি